

সংবিধান সংশোধনের লক্ষ্যে গঠিত বিশেষ কমিটির

সুপারিশ :

১। বিস্মিল্লাহির-রহমানির-রহিম

সুপারিশ :

১। সংবিধানের প্রারম্ভে, প্রস্তাবনার উপরে নিম্নরূপ সন্নিবেশিত হইবে, যথা :

“বিস্মিল্লাহির-রহমানির-রহিম

(দয়াময়, পরম দয়ালু আল্লাহের নামে),/

পরম করুণাময় সৃষ্টিকর্তার নামে।”।

২। সংবিধানের প্রস্তাবনা

সুপারিশ :

২। সংবিধানের প্রস্তাবনার সংশোধন।—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের—

(ক) প্রস্তাবনার প্রথম অনুচ্ছেদে “জাতীয় স্বাধীনতার জন্য ঐতিহাসিক যুদ্ধের” শব্দগুলির পরিবর্তে “জাতীয় মুক্তির জন্য ঐতিহাসিক সংগ্রামের” শব্দগুলি প্রতিস্থাপিত হইবে; এবং

(খ) প্রস্তাবনার দ্বিতীয় অনুচ্ছেদের পরিবর্তে নিম্নরূপ দ্বিতীয় অনুচ্ছেদ প্রতিস্থাপিত হইবে, যথাঃ—

“আমরা অঙ্গীকার করিতেছি যে, যে সকল মহান আদর্শ আমাদের বীর জনগণকে জাতীয় মুক্তি সংগ্রামে আত্মনিয়োগ ও বীর শহীদদিগকে প্রাণোৎসর্গ করিতে উদ্বুদ্ধ করিয়াছিল—জাতীয়তাবাদ, সমাজতন্ত্র, গণতন্ত্র ও ধর্মনিরপেক্ষতার সেই সকল আদর্শ এই সংবিধানের মূলনীতি হইবে;”।

৩। রাষ্ট্রধর্ম

(অনুচ্ছেদ ২ক)

সুপারিশ :

৩। সংবিধানের অনুচ্ছেদ ২ক এর প্রতিস্থাপন।—সংবিধানের অনুচ্ছেদ ২ক এর পরিবর্তে নিম্নরূপ অনুচ্ছেদ ২ক প্রতিস্থাপিত হইবে, যথা :

“২ক। রাষ্ট্রধর্ম।—প্রজাতন্ত্রের রাষ্ট্রধর্ম ইসলাম, তবে হিন্দু, বৌদ্ধ, খ্রীস্টানসহ অন্যান্য ধর্ম পালনে রাষ্ট্র সম-মর্যাদা ও সম-অধিকার নিশ্চিত করিবেন।”।